দৈনিক ইত্তেফাক

তারিখ 03 JUL 1996
পৃষ্ঠা ১ কলাম ৬

# ১৫ই আগষ্ট জাতীয় শোক দিবস ॥ সরকারী ছুটি

বাসস ॥ গতকাল মঙ্গলবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভানেত্রীত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার এক বৈঠকে ১৫ই আগষ্ট জাতীয় শোক দিবস ও সরকারী ছুটির দিন হিসাবে পালনের সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। ১৯৭৫ সালের ১৫ই আগষ্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নির্মমভাবে হত্যা করা হয়। মন্ত্রিসভার বৈঠকে অবহিত করা হয় যে, ১৯৯১ সালে দেশে সংসদীয় সরকার চালু হইলেও সংসদীয় সরকারের সাথে সামঞ্জস্য বিধান করিয়া কার্যপ্রণালী বিধি-সংশোধন করা হয় নাই। মন্ত্রিসভা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ ব্যাপারে জরুরী ভিত্তিতে যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়াছে। মন্ত্রিসভা বিএনপি সরকারের আমলে মানুষের খাওয়ার অযোগ্য নিম্নমানের চাউল আমদানী করার অভিযোগ সম্পর্কে তদন্ত করার এবং সংক্ষিপ্ত রিপোর্ট প্রদানের জন্য তদন্ত কমিটি গঠন করিতে খাদ্য মন্ত্রণালয়কে নির্দেশ দিয়াছে।

বৈঠকে দেশের সার্বিক অর্থনৈতিক পরিস্থিতি পর্যালোচনা করা হয় এবং প্রাপ্ত সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য উৎপাদনমুখী খাতসমূহে বিনিয়োগ বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। মন্ত্রিসভা ব্যয় হ্রাসের লক্ষ্যে সম্ভাব্য অনুৎপাদক খাতসমূহ চিহ্নিতকরণেরও সিদ্ধান্ত গ্রহণ করে। বৈঠকে সিদ্ধান্ত গৃহীত হয় যে, মন্ত্রী ও প্রতিমন্ত্রীগণ তাঁহাদের নিজ নিজ সম্পদের হিসাব দাখিল করিবেন। বৈঠকে মন্ত্রী ও প্রতিমন্ত্রীগণ, কেবিনেট সচিব, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এবং সংশ্লিষ্ট সচিবগণ উপস্থিত ছিলেন।